



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান



৩১ জুলাই, ২০১৯-বুধবার ক্রীড়া উপকমিটি (ফুটবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন চত্বরে অনুষ্ঠিত হয়।

ক্রীড়া উপকমিটি (ফুটবল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া। এসময় অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন, প্রক্টর ড. মোস্তফা কামাল সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য এবারের প্রতিযোগিতায় ভূগোল ও পরিবেশ বিভাগ চ্যাম্পিয়ন এবং অর্থনীতি বিভাগ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে।